

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৫৪৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০৩১]

১৫. কিতাবুল ইস্তিসকা (বৃষ্টি প্রার্থনা) (کتاب الاستسقاء)

পরিচ্ছেদঃ বৃষ্টির জন্য দুআ করার সময় ইমামের হাত উঠানো

باب رَفْعِ الإِمَامِ يَدَهُ فِي الاِسْتِسْقَاءِ

আরবী

الله عَنْ أَنَسٍ قَالَ: كَانَ النَّبِيُّ لا يَرْفَعُ يَدَيْهِ فِي شَيْءٍ مِنْ دُعَائِهِ إِلا فِي الاسْتِسْقَاءِ، وَإِنَّهُ يَرْفَعُ حَتَّى يُرَى بَيَاضُ إِبْطَيْهِ

বাংলা

৫৪৭) আনাস বিন মালেক (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ ইস্তেস্কার দু'আ ব্যতীত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর অন্য কোন দু'আয় হাত উঠাতেন না। তাতে এ পরিমাণ হাত উঠাতেন যে তাঁর বগলের সাদা অংশ দেখা যেত।

টিকাঃ এ হাদীছে শুধু বৃষ্টি প্রার্থনার দু'আর সময়ে হাত উঠানোর পদ্ধতি বর্ণিত হয়েছে। ইস্তেক্ষার সময় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে পদ্ধতিতে হাত উঠিয়েছেন, অন্য কোন দু'আয় সেভাবে হাত উঠান নি। অনেক স্থানে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে হাত উঠিয়ে দু'আ করার কথা সহীহ হাদীছ দ্বারা প্রমাণিত। একাকী দুআতে হাত তুলা মুস্তাহাব। তবে ফর্য নামাযান্তে সম্মিলিত দুআ ও যিকির, জুমআর নামাযের পর, দুই ঈদের নামাযের পর, ওয়াজ মাহফিল শেষে আখেরী মুনাজাত এবং অন্যান্য ক্ষেত্রে হাত তুলে সম্মিলিত দুআ করা বিদআত। কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে উপরোক্ত ক্ষেত্রসমূহে সম্মিলিত দুআ প্রমাণিত নয়। তবে জুমআর খুতবা অবস্থায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হাত তুলে দুআ করেছেন বলে সহীহ সূত্রে বর্ণিত হয়েছে।

English

The raising of both hands by the Imam during Istisqa' while invoking Allah for rain

Narrated Anas bin Malik:

The Prophet (ﷺ) never raised his hands for any invocation except for that of Istisqa' and he used to raise them so much that the whiteness of his armpits



became visible.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন